শেখ হাসিনার বাংলাদেশ
পরিচ্ছন্ন পরিবেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ অধিদপ্তর
পরিবেশ ভবন, ই/১৬, আগারগাঁও
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
www.doe.gov.bd

নং-২২.০২.০০০০.০১৮.০৬.০০১.২২ -৭৯

তারিখঃ ১১.০৩.২০২৪ খ্রিঃ।

## সভার নোটিশ

সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর সমূহের সাথে পরিবেশ অধিদপ্তরের বিদ্যমান সেবা প্রদান প্রতিশ্রুতি নিয়মিত পরিবীক্ষণের লক্ষ্যে গঠিত সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি'র ৩য় ত্রৈমাসিক সভা আগামী ১৮ মার্চ ২০২৪ তারিখ রোজ সোমবার বেলা ০২:৩০ টায় পরিবেশ অধিদপ্তরের নতুন ভবনের ৩য় তলার সভা কক্ষে কমিটির আহবায়ক ও পরিচালক (পরিবেশগত ছাড়পত্র) জনাব মাসুদ ইকবাল মো: শামীম এর সভাপতিত্বে অনুষ্ঠিত হবে।

২। উক্ত সভায় পরিবেশ অধিদপ্তর ঢাকা মহানগর, ঢাকা অঞ্চল, ঢাকা গবেষণাগার , ঢাকা জেলা কার্যালয়ের উপযুক্ত প্রতিনিধি ও সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি'র সকল সদস্যকে সরাসরি এবং অন্যান্য মহানগর, অঞ্চল, বিভাগ ও জেলা কার্যালয়ের প্রধানগণকে নিম্নবর্ণিত অনলাইন প্ল্যাটফর্ম (জুম অ্যাপ) অংশগ্রহণ করার জন্য নির্দেশক্রমে বিনীত অনুরোধ করা হলো।

Meeting ID : 884 4897 3700
Passcode: doe123

১১.০৩.২০২৪
(ড. সাইফুল ইসলাম)
সহকারী পরিচালক (সেবা)
ও
সদস্যসচিব
"সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি"

বিতরণঃ জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়

১। পরিচালক (ঢাকা গবেষণাগার/ঢাকা মহানগর/ঢাকা অঞ্চল/চট্টগ্রাম অঞ্চল/চট্টগ্রাম মহানগর/চট্টগ্রাম গবেষণাগার/রাজশাহী/রংপুর/খুলনা/বরিশাল/সিলেট/ময়মনসিংহ বিভাগীয় কার্যালয়), পরিবেশ অধিদপ্তর।
২। উপপরিচালক (প্রচার), পরিবেশ অধিদপ্তর, সদর দপ্তর, ঢাকা।
৩। উপপরিচালক (পরিচালক ছাড়পত্র), পরিবেশ অধিদপ্তর, সদর দপ্তর, ঢাকা।
৪। উপপরিচালক (বর্জ্য ও রাসায়নিক পদার্থ ব্যবস্থাপনা), পরিবেশ অধিদপ্তর, সদর দপ্তর, ঢাকা।
৫। উপপরিচালক/সহকারী পরিচালক/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, পরিবেশ অধিদপ্তর, সকল জেলা কার্যালয়, পরিবেশ অধিদপ্তর।
৬। সহকারী পরিচালক (আইটি), পরিবেশ অধিদপ্তর, সদর দপ্তর, ঢাকা।

CamScanner

অনুলিপি: সদয় অবগতির জন্য

১। পরিচালক (পরিচালক ছাড়পত্র), পরিবেশ অধিদপ্তর, সদর দপ্তর, ঢাকা।
২। পরিচালক (প্রশাসন), পরিবেশ অধিদপ্তর, সদর দপ্তর, ঢাকা।
৩। সহকারী পরিচালক (সেবা), পরিবেশ অধিদপ্তর, সদর দপ্তর, ঢাকা ( সভাকক্ষ প্রস্তুত ও ২০ জনের সভায় আপ্যায়নের অনুরোধসহ)।
৪। সহকারী পরিচালক, মহাপরিচালক মহোদয়ের দপ্তর, পরিবেশ অধিদপ্তর, ঢাকা।
(মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)

CamScanner

শেখ হাসিনার বাংলাদেশ
পরিচ্ছন্ন পরিবেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**পরিবেশ অধিদপ্তর**
পরিবেশ ভবন, ই/১৬, আগারগাঁও
শের-ই-বাংলানগর, ঢাকা ১২০৭
www.doe.gov.bd

নম্বর: ২২.০২.০০০০.০১৮.০৬.০০১.২২.১০০

০৬/১২/১৪৩০ বঙ্গাব্দ
তারিখ:------------------------
২০/০৩/২০২৪ খ্রিষ্টাব্দ

**বিষয়: সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির সাথে পরিবেশ অধিদপ্তরের জেলা, বিভাগ, মহানগর ও গবেষণাগার কার্যালয়সমূহের সাথে অনুষ্ঠিত তৃতীয় ত্রৈমাসিক সভার কার্যবিবরণী।**

সভাপতি : মাসুদ ইকবাল মো: শামীম, পরিচালক (পরিবেশগত ছাড়পত্র), পরিবেশ অধিদপ্তর, সদর দপ্তর, ঢাকা।
স্থান : পরিবেশ অধিদপ্তরের নতুন ভবনের ৩য় তলার সম্মেলন কক্ষ ও অনলাইন (জুম প্লাটফর্ম)
তারিখ : ১৮ মার্চ ২০২৪ খ্রিষ্টাব্দ
সময় : বেলা ০২:৩০ ঘটিকা
উপস্থিতি : পরিশিষ্ট-ক দ্রষ্টব্য

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। তিনি উল্লেখ করেন, শিল্প-কারখানাসহ বিভিন্ন প্রতিষ্ঠান/ব্যক্তি পরিবেশগত ছাড়পত্র, অভিযোগ ও অন্যান্য বিষয়ে সেবা পাওয়ার জন্য পরিবেশ অধিদপ্তরের বিভিন্ন দপ্তরে নিয়মিত আবেদন দাখিল করেন। এ বিষয়ে তিনি সিটিজেন চার্টারে বর্ণিত সময়সীমার মধ্যে পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ (সংশোধিত-২০১০) এবং পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০২৩ অনুযায়ী পরিবেশগত ছাড়পত্র প্রদান ও সিটিজেন চার্টারে বর্ণিত অন্যান্য সেবা প্রদানের জন্য অনুরোধ করেন। তিনি আরও উল্লেখ করেন, সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে ত্রৈমাসিক ভিত্তিতে সিটিজেন চার্টার হালনাগাদ করার বাধ্যবাধকতা রয়েছে এবং সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন পরিকল্পনা, ২০২৩-২০২৪ অনুযায়ী তৃতীয় ত্রৈমাসিক হালনাগাদ সিটিজেন চার্টার ইতোমধ্যে পরিবেশ অধিদপ্তরের ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। তিনি হালনাগাদকৃত সিটিজেন চার্টার পরিবেশ অধিদপ্তরের সকল বিভাগীয়, মহানগর, গবেষণাগার ও জেলা কার্যালয়ে প্রেরণের জন্য সেবা প্রদান প্রতিশ্রুতির নিয়মিত পরিবীক্ষণের লক্ষ্যে গঠিত কমিটির সদস্য সচিব ড. সাইফুল ইসলামকে নির্দেশনা প্রদান করেন। তৎপ্রেক্ষিতে, ড. সাইফুল ইসলাম বলেন, হালনাগাদকৃত সিটিজেন চার্টার ইতোমধ্যে পরিবেশ অধিদপ্তরের বিভাগীয়, অঞ্চল, মহানগর, গবেষণাগার ও জেলা কার্যাসমূহে ইমেইল করা হয়েছে। সভাপতি মন্ত্রিপরিষদ বিভাগে অনুষ্ঠিত সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত প্রশিক্ষণের অবজারভেশনসমূহ অনুসরণপূর্বক পরিবেশ অধিদপ্তরের জেলা, বিভাগ, মহানগর ও গবেষণাগার কার্যালয়সমূহের সিটিজেন চার্টার হালনাগাদ করার অনুরোধ করেন। এ প্রসঙ্গে জনাব মোঃ ফেরদৌস আনোয়ার উপপরিচালক, পরিবেশ অধিদপ্তর, চট্টগ্রাম জেলা কার্যালয় এবং জনাব তোতা মিয়া, সহকারী পরিচালক, পরিবেশ অধিদপ্তর, ভোলা জেলা কার্যালয় বলেন, মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক সিটিজেন চার্টার হালনাগাদকরণের ক্ষেত্রে তাদের পরিবেশ অধিদপ্তরের আইটি শাখার সাহায্য প্রয়োজন। অতপর তিনি পরিবেশগত ছাড়পত্র প্রদানসহ ও সিটিজেন চার্টার সংক্রান্ত অন্যান্য সেবা প্রদানের বিষয়ে সভায় অংশগ্রহণকারী কর্মকর্তাগণের মতামত আহবান করেন। এ বিষয়ে কমিটির সদস্য ও পরিবেশ অধিদপ্তরের প্রধান কার্যালয়ের পরিবেশগত ছাড়পত্র কমিটির সদস্য সচিব জনাব মোঃ আবুল কালাম আজাদ, উপপরিচালক (ছাড়পত্র) বলেন, পরিবেশগত ছাড়পত্র প্রদানের ক্ষেত্রে সিটিজেন চার্টারে বর্ণিত কাগজপত্রাদির অতিরিক্ত কোন কাগজপত্রাদি যেন না চাওয়া হয়।

০২। কমিটির সদস্য ড. আব্দুল্লাহ আল মামুন সভায় অবহিত করেন যে, সিটিজেন চার্টারে কর্মকর্তাগণের দাপ্তরিক ইমেইল ব্যবহার করার নির্দেশনা রয়েছে।

০৩। সভায় উপরে উল্লিখিত বিষয়সমূহসহ সেবাপ্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত অন্যান্য বিষয়ে বিস্তারিত আলোচনার পর সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়:

(ক) পরিবেশ অধিদপ্তরের সকল বিভাগীয়, অঞ্চল, মহানগর ও জেলা কার্যালয়ের তৃতীয় ত্রৈমাসিক সিটিজেন চার্টার আগামী ২৭/০৩/২০২৪ তারিখের মধ্যে হালনাগাদ করে (ইতোমধ্যে প্রেরিত সিটিজেন চার্টার অনুযায়ী) জেলা তথ্য বাতায়ন/জেলা প্রশাসক কার্যালয়/বিভাগীয় কমিশনার কার্যালয়ের সাথে সংযুক্ত পরিবেশ অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ করতে হবে।

(খ) সিটিজেন চার্টার হালনাগাদকরণের ক্ষেত্রে মন্ত্রিপরিষদ বিভাগের নিম্নোক্ত অবজারবেশনসমূহ অনুসরণ করতে হবেঃ

- সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) সকল সেবার তথ্য সুনির্দিষ্টক্রমে অন্তর্ভুক্তকরণ;
- সেবা প্রদানের সময়সীমার ক্ষেত্রে দিন/মাসের পরিবর্তে কার্যদিবস উল্লেখ করা তবে আইন/ বিধিতে দিন বা মাসের উল্লেখ থাকলে তা সংযোজন করতে হবে;
- প্রয়োজনীয় ফর্ম/আবেদন ফর্ম/প্রস্তাব লিংক আকারে সংযুক্তকরণ;
- সেবা মূল্যের স্পষ্ট বিবরণ উল্লেখ করতে হবে (১) অর্থ জমাদানের ক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যাংক হিসাব নম্বর/চালানে অর্থ জমা দিতে হলে চালানের কোড নম্বর উল্লেখকরণ; (২) অর্থের প্রয়োজন না হলে বা সেবার ক্ষেত্রে সেবা মূল্যের প্রয়োজন না হলে 'বিনামূল্যে' সংযোজন; (৩) সেবামূল্য আইন/বিধি/নীতিমালা/পরিপত্র মোতাবেক উল্লেখ না করা;
- সেবা প্রদানকারীর বিবরণ (সেবা প্রদানকারীর নাম, যোগাযোগের জন্য ফোন নাম্বার (অফিসের ফোন ও মোবাইল নাম্বার), ই-মেইল, ও পদবি সংযোজন;
- কাঙ্খিত সেবা না পেলে বা সেবা প্রাপ্তিতে অসন্তুষ্ট হলে সেবা প্রার্থী পর্যায়ক্রমে কোন কোন কর্মকর্তার নিকট এবং কীভাবে যোগাযোগ করবেন তা অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা
- সংক্রান্ত নির্দেশিকা অনুযায়ী সেবা প্রদান প্রতিশ্রুতির শেষে সংযোজন;
- সেবা প্রদান প্রতিশ্রুতিতে নিয়মিত কার্যক্রম; যেমন: প্রটোকল, বেতন বিল প্রস্তুত ইত্যাদি-কে সেবা হিসাবে উল্লেখ না করা;
- একাধিক সেবা একীভূত করে একই নামে অন্তর্ভুক্ত না করা;
- আবেদনপত্রের সঙ্গে যে সকল প্রয়োজনীয় তথ্য/উপাত্ত থাকা প্রয়োজন তা সুস্পষ্টভাবে উল্লেখ করা এবং চাহিত কাগজপত্রের ধরণ (যেমন: সত্যায়িত/ফটোকপি/মূলকপি/কপির সংখ্যা) সুনির্দিষ্টভাবে উল্লেখ করা;
- অন্য দপ্তর/সংস্থা/আওতাধীন দপ্তর/সংস্থার সেবাকে নিজ দপ্তরের সেবা হিসাবে উল্লেখ না করা;
- অভিযোগের প্রতিকার ও তথ্য প্রদান সংক্রান্ত বিষয় সেবা হিসাবে সেবা প্রদান প্রতিশ্রুতিতে অন্তর্ভুক্ত না করা

(গ) সিটিজেন চার্টার হালনাগাদকরণের ক্ষেত্রে প্রয়োজনে আইটি শাখার জুনিয়র কনসালটেন্ট জনাব নূর-ই-রহমান (আসিফ) (মোবাইলঃ ০১৭৭৫৮২৬৭৬৯) এর সাথে যোগাযোগ করা যেতে পারে।

(ঘ) সিটিজেন চার্টার আপলোড করার পূর্বে বিদ্যমান সিটিজেন চার্টারের স্ক্রিনশট নিয়ে সংরক্ষণ করতে হবে এবং নতুন সিটিজেন চার্টার আপলোড করে করে স্ক্রিনশট নিতে হবে। সিটিজেন চার্টার আপলোডের পূর্বের ও পরের স্ক্রিনশট পিডিএফ করে syful412@doe.gov.bd ইমেইলে ২৭/০৩/২০২৪ তারিখের মধ্যে পাঠাতে হবে।

(ঙ) পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ (সংশোধিত-২০১০), পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০২৩ এবং হালনাগাদকৃত সিটিজেন চার্টার অনুযায়ী পরিবেশগত ছাড়পত্র, অভিযোগ নিষ্পত্তি ও অন্যান্য সকল সেবা নির্ধারিত সময়ে প্রদান করতে হবে।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২০/০৩/২৪

**(মাসুদ ইকবাল মো: শামীম)**
পরিচালক (পরিবেশগত ছাড়পত্র)
ও
আহবায়ক,"সেবা প্রদান প্রতিশ্রুতির নিয়মিত
পরিবীক্ষণের লক্ষ্যে গঠিত কমিটি"
পরিবেশ অধিদপ্তর, সদর দপ্তর, ঢাকা
ফোন:২২২২১৮৩৪২

**বিতরণ**: জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়

১। পরিচালক (ঢাকা গবেষণাগার/ঢাকা মহানগর/ঢাকা অঞ্চল/চট্টগ্রাম অঞ্চল/চট্টগ্রাম মহানগর/চট্টগ্রাম গবেষণাগার/রাজশাহী/রংপুর/খুলনা/বরিশাল/সিলেট/ময়মনসিংহ বিভাগীয় কার্যালয়, পরিবেশ অধিদপ্তর।

২। উপপরিচালক (প্রচার), পরিবেশ অধিদপ্তর, সদর দপ্তর, ঢাকা।

৩। উপপরিচালক, ঢাকা গবেষণাগার/ঢাকা মহানগর /ঢাকা অঞ্চল/চট্টগ্রাম অঞ্চল/চট্টগ্রাম মহানগর/চট্টগ্রাম গবেষণাগার/রাজশাহী/রংপুর/খুলনা/বরিশাল/সিলেট/ময়মনসিংহ বিভাগীয় কার্যালয়, পরিবেশ অধিদপ্তর।

৪। উপপরিচালক (প্রচার/পরিচালক ছাড়পত্র/ বর্জ্য ও রাসায়নিক পদার্থ ব্যবস্থাপনা/ প্রশাসন/সমন্বয়), পরিবেশ অধিদপ্তর, সদর দপ্তর, ঢাকা।

৫। উপপরিচালক/সহকারী পরিচালক/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, পরিবেশ অধিদপ্তর, সকল জেলা কার্যালয়।

নম্বর: ২২.০২.০০০০.০১৮.০৬.০০১.২২.১০০

তারিখ: ০৬/১২/১৪৩০ বঙ্গাব্দ
২০/০৩/২০২৪ খ্রিষ্টাব্দ

**অনুলিপি:** সদয় অবগতি জন্য

১. মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর, সদর দপ্তর, ঢাকা।
২. অতিরিক্ত মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর, ঢাকা।
৩. পরিচালক (প্রশাসন), পরিবেশ অধিদপ্তর, সদর দপ্তর, ঢাকা।

২০.০৩.২০২৪

**(ড. সাইফুল ইসলাম)**
সহকারী পরিচালক (সেবা)
ও
সদস্য সচিব,"সেবা প্রদান প্রতিশ্রুতির
নিয়মিত পরিবীক্ষণের লক্ষ্যে গঠিত কমিটি"
পরিবেশ অধিদপ্তর, সদর দপ্তর, ঢাকা
ফোন: ২২২২১৮৩৯৮

**সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর সমূহের সাথে পরিবেশ অধিদপ্তরের বিদ্যমান সেবা প্রদান প্রতিশ্রুতি নিয়মিত পরিবীক্ষণের লক্ষ্যে গঠিত সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির ৩য় ত্রৈমাসিক সভায় উপস্থিত কর্মকর্তাগণের হাজিরা বিবরণী**

স্থানঃ পরিবেশ অধিদপ্তরের নতুন ভবনের ৩য় তলা (কনফারেন্স কক্ষ)

তারিখঃ ১৮ মার্চ ২০২৪; বেলা ০২:৩০ ঘটিকা

সভাপতিঃ জনাব মাসুদ ইকবাল মোঃ শামীম, পরিচালক (পরিবেশগত ছাড়পত্র)

| ক্রমিক নং | কর্মকর্তার নাম ও পদবী | মোবাইল ও ইমেইল | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | | | |
| ০২ | Md. Abul Kalam Azad<br>Deputy Director (ECC)<br>DoE, HQ | 01718725668<br>akazad.doe@gmail.com | [signature] |
| ০৩ | Muktodin Hasan<br>Assistant Director<br>Dhaka Region. | 01710662941<br>muktodin.swe82@gmail.com | [signature] |
| ০৪ | Md. Shariful Haque<br>Assistant Director (IT)<br>DoE, HQ | 01728908277<br>sharif.dumb@gmail.com | [signature] |
| ০৫ | Md. Arifur Rahman Tanu<br>~~Asst~~. Director<br>DoE, HQ | 01727038147<br>arifur.rahman.tanu@gmail.com. | [signature] |
| ০৬ | Dr. Abdullah Al Mamun<br>Deputy Director<br>DoE, HQ | 01714489454 | [signature] |
| ০৭ | Dr. Syful Islam<br>Assistant Director<br>DoE, HQ | 01914106701<br>msi412@yahoo.com | [signature] |
| ০৮ | | | |


পরিবেশ অধিদপ্তর


CIAMS - Home
CIAMS - LOGIN
Not secure
doe.gov.bd/site/page/c3782404-2a6e-4757-8ffc-0cf41c07cd0c/-
Gmail
YouTube
Maps
Index (AQI)
সিটিজেন চার্টার
পরিবেশ অধিদপ্তর
www.doe.gov.bd
সিটিজেন চার্টার
১. ভিশন ও মিশন
ভিশনঃ দূষণমুক্ত বসবাসযোগ্য একটি সুস্থ, সুন্দর ও মডেল বাংলাদেশ গড়ে তোলা।
মিশনঃ বর্তমান ও ভবিষ্যত প্রজন্মের জন্য একটি সুস্থ, সুন্দর ও নিরাপদ পরিবেশ নিশ্চিত করার লক্ষ্যে-
§ বর্তমান ও ভবিষ্যত প্রজন্মের জন্য নিরাপদ পরিবেশ গড়ে তোলা;
§ পরিবেশ সংক্রান্ত আইন-কানুন ও বিধি-বিধানের সুষ্ঠু ও যথাযথ প্রয়োগ;
§ পরিবেশ বিষয়ে সচেতনতা বৃদ্ধি;
§ টেকসই উন্নয়ন ও পরিবেশ সুশাসন নিশ্চিত করা;
§ উন্নয়ন পরিকল্পনায় অর্থনৈতিক উন্নয়ন ও পরিবেশ ব্যবস্থাপনা নিশ্চিত করা;
§ গ্রীনগ্রোথকে উৎসাহিত করা।
২. সেবা প্রদান প্রতিশ্রুতি
২.১ নাগরিক সেবাঃ
ক্রমিক
সেবার নাম
সেবা প্রদান পদ্ধতি
প্রয়োজনীয় কাগজপত্র ও
সেবার মূল্য
সেবা
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা
বায়ুদূষণ সম্পর্কিত স্বাস্থ্য সুরক্ষামূলক পরামর্শ
পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০২৩
পরিবেশ সংরক্ষণ কার্যক্রম সম্পর্কিত হালনাগাদ তথ্য
মাননীয় মন্ত্রী
জনাব সাবের হোসেন চৌধুরী এমপি
মাননীয় মন্ত্রী
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিস্তারিত
Department Of Environment
Ad, Doe, Bhola.
DoE, DD, Chittago...
DoE, DD, Chittagong District
Md. Rashel Noma...
Md. Rashel Noman, DoE, Shariatpur